# নিউইয়র্কে রাজনৈতিক নেতাদের হেনস্তা ঘটনার নিন্দা রিজভীর



সংগৃহীত ছবি

নিউইয়র্কে এনসিপি সদস্য সচিব আখতার হোসেনসহ বিভিন্ন রাজনৈতিক নেতাকে হেনস্তার ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি অভিযোগ করেন, দেশে যেভাবে স্বৈরশাসন চালানো হচ্ছে, বিদেশেও একই চক্র বিশৃঙ্খলা সৃষ্টির অপচেষ্টা করছে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের বিমানবন্দরে এনসিপির সদস্য সচিব আখতার হোসেনসহ কয়েকজন রাজনৈতিক নেতাকে হেনস্তার ঘটনা নিয়ে তীব্র নিন্দা জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর গুলশানে 'আমরা বিএনপি' পরিবারের আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে তিনি এই প্রতিক্রিয়া জানান।

রিজভী বলেন, "দেশে যারা গত ১৫ বছর স্বৈরাচার কায়েম করেছে, তারাই এখন নতুন করে অস্থিরতা তৈরি করতে চাইছে। জনগণকে সচেতন থাকতে হবে, কারণ যারা পেছনের দরজা দিয়ে ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখে, তারা গণতন্ত্রের বন্ধু হতে পারে না।"

তিনি আরও বলেন, "৫ আগস্টের পর থেকে বিএনপির বিরুদ্ধে নানা অপপ্রচার চলছে। যারা ১/১১-এর মতো 'মাইনাস রাজনীতি' করতে চায়, তাদের ষড়যন্ত্র সফল হবে না। খালেদা জিয়াকে দেশ থেকে বিতাড়িত করা যায়নি, তেমনি বিএনপিকেও রাজনীতি থেকে মাইনাস করা সম্ভব নয়।"

এ সময় আসন্ন দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নিরাপদ করতে নেতাকর্মীদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে প্রহরীর ভূমিকা পালনের নির্দেশ দেন তিনি।